DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 06:39 PM

সারাদেশ

# আর্জেন্টিনা-ব্রাজিল সমর্থকদের মধ্যে ব্যাপক সংঘর্ষ, আহত ১৫

সিরাজগঞ্জ

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৯ জুলাই ২০২৬, ০৬:৩৮ PM




ছবি: সংগ্রহীত

সিরাজগঞ্জে আর্জেন্টিনা ও ব্রাজিল ফুটবল দলের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ১৫ জন আহত হয়েছেন। সংঘর্ষে কয়েকটি বাড়ি ও মুদি দোকানেও ভাঙচুর ও ক্ষয়ক্ষতির ঘটনা ঘটেছে।

বুধবার (৯ জুলাই) রাতে সিরাজগঞ্জ পৌর এলাকার মিরপুর মহল্লায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার রাতে আর্জেন্টিনা ও মিসরের মধ্যকার ম্যাচ শেষে রেফারিং নিয়ে দুই দলের সমর্থকদের মধ্যে তর্ক-বিতর্ক শুরু হয়। ওই ঘটনার জের ধরে বুধবার রাতে উভয় পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে তারা ইট-পাটকেল নিক্ষেপ ও ধাওয়া-পাল্টা ধাওয়ায় জড়িয়ে পড়ে।

সংঘর্ষে অন্তত ১৫ জন আহত হন। এ ছাড়া ৫ থেকে ৭টি বাড়ি এবং কয়েকটি মুদি দোকান ক্ষতিগ্রস্ত হয়েছে বলে স্থানীয়রা জানিয়েছেন।

খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সিরাজগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাকিবুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আর্জেন্টিনা ও মিসরের ম্যাচকে কেন্দ্র করে ব্রাজিল ও আর্জেন্টিনা সমর্থকদের মধ্যে প্রথমে তর্ক-বিতর্ক হয়। পরে সেই তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করেই তারা সংঘর্ষে জড়িয়ে পড়ে। তবে বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

তিনি আরও জানান, এ ঘটনায় এখন পর্যন্ত কোনো পক্ষ থানায় মামলা করেনি।

---

## এ বিভাগের আরও খবর



**ফটিকছড়িতে বৃহস্পতিবার সকাল-সন্ধ্যা হরতালের ডাক**
নবগঠিত ফটিকছড়ি উত্তর উপজেলার সদর দপ্তর জনসাধারণের জন্য সহজ যোগাযোগযোগ্য ও ভৌগোলিকভাবে সুবিধাজনক স্থানে স্থাপনের দাবিতে আন্দোলন চলছে। এর অংশ...



**বঙ্গোপসাগরে লঘুচাপ: ৪ সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত**
বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধি...




**তুমি কে, আমি কে, ফার্মের মুরগি স্লোগানে মুখরিত বগুড়া**

দুর্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যে এইচএসসি পরীক্ষা নেওয়া, প্রশ্নের মান কঠিন হওয়া এবং পদার্থবিজ্ঞান পরীক্ষার আগে পর্যাপ্ত সময় না দেওয়ার অভিযোগে শ...



**এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহীতে বিক্ষোভ পরীক্ষার্থীদের**

বৈরী আবহাওয়ার কারণে এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষাবোর্ডে বিক্ষোভ করেছেন পরীক্ষার্থীরা। মঙ্গলবার (১৪ জুলাই) দুপ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/arjentina-brajil-smrthkder-mdhje-bjapk-sngghrsh-aht-15